

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং: ৩৮.০১.০০০০.৭০০.০২.০০১.১৯(পার্ট-২).২০২৫-১৯৭

তারিখ: ১০ ফেব্রুয়ারি ২০২৬
২৩ ফেব্রুয়ারি ২০২৬

বিষয়: বিদ্যালয় পর্যায়ে উন্নয়ন পরিকল্পনা (School Level Improvement Plan-SLIP) কার্যক্রম বাস্তবায়নে বরাদ্দকৃত বিভাজন অনুযায়ী অর্থছাড় প্রসঙ্গে।

সূত্র: প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের স্মারক নং ৩৮.০১.০০০০.৫০০.২০.০৭৯.২০১৯-৫১৫, তারিখ: ১৮ ফেব্রুয়ারি ২০২৬ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি ৪) এর আওতায় ২০২৫-২৬ অর্থবছরে বিদ্যালয় পর্যায়ে উন্নয়ন পরিকল্পনা (School Level Improvement Plan-SLIP) কার্যক্রম বাস্তবায়নে স্লিপ অনুদানের জন্য অর্থ ছাড় করা হয়েছে। উল্লেখ্য ২০২৫-২০২৬ অর্থবছরে পিইডিপি৪ এর ব্যয় বৃদ্ধি ব্যতিত সময়বৃদ্ধি পাওয়ায় (No Cost Extantion) স্লিপ খাতে চাহিদা অনুযায়ী অর্থ বরাদ্দ ছিল না। এর ফলে আন্তঃখাত সমন্বয় করে ১০০,২৭,১৫,০০০.০০ (একশত কোটি সাতাশ লক্ষ পনেরো হাজার) টাকা স্লিপের বরাদ্দ বিভাজন পরিকল্পনা কমিশন কর্তৃক অনুমোদিত হয়।

২। বর্ণিতাবস্থায়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ২১ নভেম্বর ২০২৩ তারিখে জারীকৃত "বিদ্যালয় পর্যায়ে উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন নির্দেশিকা, ২০২৩ এর অনুচ্ছেদ নং: ১৩.২ অনুসারে বর্ণিত বিদ্যালয় প্রতি বার্ষিক স্লিপ অনুদানের পরিমাণ হ্রাস পাওয়ায় প্রাপ্ত বরাদ্দ আনুপাতিকভাবে নিম্নোক্ত হারে বিভাজন করা হলো:

ক্র: নং	শিক্ষার্থী সংখ্যা	গাইল লাইন অনুযায়ী প্রাপ্য বরাদ্দ	১৫% হারে প্রদেয় টাকার পরিমাণ
১	সর্বোচ্চ ৫০	৫০,০০০/-	৭,৫০০/-
২	৫১ থেকে ৩০০	১,০০,০০০/-	১৫,০০০/-
৩	৩০১ থেকে ৬০০	১,৫০,০০০/-	২২,৫০০/-
৪	৬০১ থেকে ১০০০	২,০০,০০০/-	৩০,০০০/-
৫	১০০০ এর উপরে	২,৫০,০০০/-	৩৭,৫০০/-

৩। এমতাবস্থায়, "বিদ্যালয় পর্যায়ে উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন নির্দেশিকা, ২০২৩" অনুসরণ করে বিধি মোতাবেক উপর্যুক্ত বিভাজন অনুযায়ী অর্থ ব্যয় করার জন্য অনুরোধ করা হলো।

২৩/২/২৬
মিরাজুল ইসলাম উকিল, এনডিসি
পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
মোবাইল: ০১৫৫২৪১৬৩১৭
Email: dirplandpe@gmail.com

উপজেলা শিক্ষা অফিসার (সকল)

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. উপপরিচালক, প্রাথমিক শিক্ষা (সকল), বিভাগ
২. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল), জেলা উপরোক্ত নির্দেশনার বাস্তবায়ন নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।
৩. ডিস্ট্রিক্ট এ্যাকাউন্টস এন্ড ফিনান্স অফিসার (সকল), জেলা
৪. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের অবগতির জন্য)।
৫. উপজেলা হিসাবরক্ষণ অফিসার (সকল), উপজেলা... .. জেলা
৬. অতিমহাপরিচালক (পিইডিপি) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (অতি: মহাপরিচালক মহোদয়ের অবগতির জন্য)
৭. অফিস কপি।